আমাদেরসময়

তারিখ 17 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

# নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন ১৮ ফেব্রুয়ারি

নিজস্ব প্রতিবেদক ●
নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) ১৯তম সমাবর্তন ১৮ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাস বসুন্ধরায় দুপুর ৩টায় অনুষ্ঠিত হবে। ইউনিভার্সিটি অব মেরিল্যান্ড অ্যান্ড জন-হপকিন্স ইউনিভার্সিটির প্রফেসর রিতা রোসি কলওয়েল সমাবর্তন বক্তব্য রাখবেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান এতে বিশেষ অতিথি থাকবেন। সমাবর্তন শোভাযাত্রায় অংশ নেবেন এনএসইউ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এমএ কাসেম, ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ-গোস্বামী প্রমুখ। এ বছর ৯ মেধাবী শিক্ষার্থীকে দেওয়া হবে চ্যান্সেলর ও ভাইস চ্যান্সেলর 'স্বর্ণপদক'। মার্শালের দায়িত্ব পালন করবেন হেলথ ও লাইফ সায়েন্স অনুষদের অধ্যাপক ড. আব্দুল খালেক।